

**ইউজিসির তিন
পরিচালকসহ ১০
কর্মকর্তা বদলি**

■ বিশেষ প্রতিনিধি
বিশ্ববিদ্যালয় মঞ্জুরি কমিশনের
(ইউজিসি) শীর্ষ পর্যায়ে বড় ধরনে
রদবদলি আনা হয়েছে। অনেকটা
আকস্মিকভাবেই গতকাল মঙ্গলবার
ইউজিসির এক অফিস আদেশে শীর্ষ
১০ জন কর্মকর্তার দপ্তর বদলি করা
হয়। তাদের মধ্যে কারও কারও
বিরুদ্ধে দুর্নীতির অভিযোগ আছে।
ইউজিসি সচিব স্বাক্ষরিত এ অফিস
আদেশে বলা হয়, বদলিকৃতরা
অবিলম্বে নতুন শাখায় যোগদান
করবেন। বদলি আদেশ অনুসারে
ইউজিসির বেসরকারি বিশ্ববিদ্যালয়
শাখার পরিচালক মো. শামছুল
আলমকে গবেষণা ও প্রকাশনা শাখার
পরিচালক, গবেষণা ও প্রকাশনা
শাখার পরিচালক মোখলেছুর
রহমানকে বেসরকারি বিশ্ববিদ্যালয়
শাখার পরিচালক এবং পরিকল্পনা ও
উন্নয়ন শাখার পরিচালক আবদুর
রাজ্জাককে ইনফরমেশন
ম্যানেজমেন্ট, কমিউনিকেশন অ্যান্ড
ট্রেনিং (আইএমসিটি) শাখায় বদলি
করা হয়েছে।